“যখন কেউ এমন কোন স্বপ্ন দেখে যা সে পছন্দ করে, তবে মনে করবে যে তা আল্লাহর তরফ থেকে হয়েছে। তখন যেন সে এজন্য আল্লাহর শোকর আদায় করে এবং তা বর্ণনা করে। আর যখন এর বিপরীত কোন স্বপ্ন দেখে, যা সে পছন্দ করে না, মনে করবে তা শয়তানের তরফ থেকে হয়েছে। তখন যেন সে এর অনিষ্ট থেকে আল্লাহর আশ্রয় চায় এবং তা কারো কাছে বর্ণনা না করে। তাহলে এ স্বপ্ন তার কোন ক্ষতি করবে না”।

আবূ সা’ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, “যখন কেউ এমন কোন স্বপ্ন দেখে যা সে পছন্দ করে,
তবে মনে করবে যে তা আল্লাহর তরফ থেকে হয়েছে। তখন যেন সে এজন্য আল্লাহর শোকর আদায় করে এবং তা বর্ণনা করে। আর যখন এর বিপরীত কোন স্বপ্ন দেখে, যা সে পছন্দ করে না, মনে করবে
তা শয়তানের তরফ থেকে হয়েছে। তখন যেন সে এর অনিষ্ট থেকে আল্লাহর আশ্রয় চায় এবং তা
কারো কাছে বর্ণনা না করে। তাহলে এ স্বপ্ন তার কোন ক্ষতি করবে না”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম সংবাদ দিয়েছেন যে, ঘুমের ভেতর আনন্দদায়ক ভালো স্বপ্ন আল্লাহর তরফ থেকে হয় এবং তিনি উপদেশ দিয়েছেন যে, তার ওপর আল্লাহর প্রশংসা করা এবং তার সংবাদ দেওয়া। আর যখন এমন কিছু দেখবে যা সে অপছন্দ করে এবং যা তার দুঃখজনক; সেটি শয়তানের তরফ থেকে হয়। কাজেই তার অনিষ্ট থেকে আল্লাহর কাছে পানাহ চাইবে এবং সেটি কারো নিকট বয়ান করবে না; তাহলে সেটি তাকে ক্ষতি করবে না, কারণ স্বপ্নের সাথে যুক্ত ক্ষতি থেকে নিরাপত্তার জন্য উল্লিখিত বিষয়গুলোকে আল্লাহ উপায় হিসাবে স্থির করেছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3285